

# Going to court

## আদালতে যাওয়া

Information for witnesses and victims  
going to magistrates' court or the Crown Court

যে সব সাক্ষীদের এবং অপরাধের শিকার হওয়া ব্যক্তিদের  
ম্যাজিস্ট্রেটের কোর্টে অথবা ক্রাউন কোর্টে যেতে হবে, তাদের জন্য তথ্য

### আদালতে যেতে হবে ?

সাক্ষী অথবা অপরাধের শিকার হিসাবে আদালতে যেতে হওয়াটা একটা উদ্বেগের বিষয় হতে পারে, বিশেষ করে এটা যদি আপনার প্রথমবার হয়ে থাকে এবং সেখানে কি হবে তা আপনি না জানেন।

আদালতের পদ্ধতিগুলি আপনাকে বিভ্রান্ত করে ফেলতে পারে। সাক্ষ্য দেওয়ার ব্যাপারটি সামলাতে আপনাকে সাহায্য করার জন্য কি ভাবে তথ্য ও সহযোগিতা পাওয়া যায় তা এই প্রচারপত্রে বলা হয়েছে।

### দা উইটনেস সার্ভিস (সাক্ষীদের পরিষেবা)

শুনানীর আগে, শুনানীর সময় এবং তার পরে, সাক্ষীদের, যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে তাদের এবং তাদের পরিবার ও বন্ধুবান্ধবদের উইটনেস সার্ভিস সাহায্য করে।

এটা ভিক্টিম সাপোর্ট পরিচালনা করে। এরা হচ্ছে একটি জাতীয় চ্যারিটি (দাতব্য প্রতিষ্ঠান) যারা অপরাধের ফলাফল সামলাতে লোককে সাহায্য করে।

ইংল্যান্ড ও ওয়েলস-এর প্রতিটি ক্রাউন কোর্ট সেন্টারে এবং ম্যাজিস্ট্রেটের কোর্টে একটা করে উইটনেস সার্ভিস আছে।

এই সার্ভিসটা গোপনে এবং বিনা খরচে দেওয়া হয়।

প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়াররা (স্বেচ্ছাসেবক/সেবিকারা) মানসিক সাহায্য এবং আদালতের পদ্ধতি সম্পর্কে ব্যবহারিক সাহায্য দিয়ে থাকেন।

আদালতের শুনানীর আগে সাধারণতঃ উইটনেস্ সার্ভিস আপনার সাথে যোগাযোগ করে তাদের সার্ভিস দেওয়ার প্রস্তাব জানাবে।

## উইটনেস্ সার্ভিস যাদের সাহায্য করে তারা হচ্ছেন

- প্রতিবাদীর সাক্ষীদের সমেত, যে সব সাক্ষীদের সাক্ষ্যপ্রমাণ দিতে ডাকা হয়
- যদি কোন কারণে আদালতে উপস্থিত থাকতে হয় তাহলে যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে, তাদের ও তাদের পরিবার ও বন্ধুবান্ধবদের
- শিশু ও প্রাপ্তবয়স্ক এই দুই শ্রেণীর লোকদের।

## আপনাকে আদালতে উপস্থিত থাকতে হলে, নিচে দেওয়া জিনিষ বা লোক আপনার সঙ্গে থাকলে আপনার সুবিধা হতে পারে

- একজন বন্ধু অথবা আত্মীয় - আপনাকে একা আদালতে যেতে হবে না (ওল্ড বেইলী নামের সেন্ট্রাল ক্রিমিনাল কোর্টে আপনাকে আগে থেকে নোটিস দিতে হবে যে আপনি সঙ্গে একজনকে নিয়ে আসছেন)
- এই মামলা বা বিষয়টি সম্পর্কে আপনার কাছে যা তথ্য আছে (যেমন, যে পুলিশ অফিসার এই বিষয়টি নিয়ে কাজ করছেন, জানা থাকলে, তার নাম)
- আপনাকে আদালতে উপস্থিত থাকার কথা জানানোর কোন চিঠি আপনি পেয়ে থাকলে, সেটা
- পড়ার জন্য অথবা করার জন্য কোন কিছ - এই মামলাটি ডাকার আগে আপনাকে অনেকক্ষণ বসে থাকতে হতে পারে
- এই দিনের খরচের জন্য উপযুক্ত পরিমাণ টাকাপয়সা, যেমন, গাড়ী রাখা বা চা-জলখাবারের জন্য।

## খরচের জন্য দাবি জানানো

সাক্ষী হিসাবে আপনাকে ডাকা হলে, বিচারের কাজ শেষ হওয়ার পরে আপনার খরচের জন্য আপনি দাবি জানাতে পারবেন। আদালতে যাতায়াত, বাস্বাদের আবশ্যিক দেখাশোনা অথবা আপনার আয়ের ক্ষতি এর মধ্যে পড়তে পারে। খরচ দাবি করা সম্বন্ধে আরও তথ্যের জন্য উইটনেস্ সার্ভিসকে জিজ্ঞাসা করবেন।

### Bengali

April 2002

এপ্রিল ২০০২

## আমাদের প্রতিশ্রুতি

সমাজের সকলের জন্য ভিক্টিম সাপোর্ট সাহায্য দিয়ে থাকে এবং সংখ্যালঘু ও যাদের সুযোগ-সুবিধা কম তাদের এই প্রতিষ্ঠানের সব অংশে স্বাগত জানাতে ও জড়িত করতে এরা বদ্ধপরিকর।

যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে তাদের জন্য দেওয়া সার্ভিসের বিষয়ে মন্তব্য ও প্রস্তাবগুলিকে ভিক্টিম সাপোর্ট স্বাগত জানায়। আপনি যদি মনে করেন যে কোন কিছু ঠিকমত করা হয়নি, তাহলে অভিযোগ জানানোর জন্য একটা রীতিগত পদ্ধতিও আছে। আরও তথ্যের জন্য দয়া করে আপনার স্থানীয় ভিক্টিম সাপোর্ট/উইটনেস্ সার্ভিস-এর শাখার সাথে অথবা ন্যাশনাল (জাতীয়) অফিসের সাথে দয়া করে যোগাযোগ করবেন।

## আরও তথ্য

হোম অফিস থেকে প্রকাশ করা 'উইটনেস্ ইন কোর্ট' প্রচারপত্রটি দেখলে আপনার হয়ত সুবিধা হবে। আপনাকে কবে আদালতে যেতে হবে তা জানিয়ে কোন চিঠি যদি আপনি আপনার স্থানীয় পুলিশের কাছ থেকে পেয়ে থাকেন, তাহলে তার সাথে এই প্রচারপত্রটিও থাকার কথা।

## উইটনেস্ সার্ভিসের কাছ থেকে পাওয়া যায় তা হল

- গোপনে কথা বলার জন্য কোন একজন লোক
- কোর্ট সেন্টারে যাওয়া এবং সাক্ষী হিসাবে ডাক আসার আগেই যেখানে সম্ভব সেখানে আদালত ঘর ঘুরে দেখা
- আদালতের পদ্ধতিগুলি সম্বন্ধে তথ্য
- শুনানীর আগে এবং শুনানীর সময় অপেক্ষা করার জন্য একটা নিরিবিলি জায়গা
- সাক্ষ্য দিতে হলে, আদালত ঘরে আপনার সাথে যাওয়ার জন্য কোন একজন লোক
- ব্যবহারিক সাহায্য, যেমন, খরচ দাবি করার ফর্মের ব্যাপারে
- আপনার বিষয়টি সম্বন্ধে বিশেষ প্রশ্নগুলির উত্তর দিতে পারবেন এমন লোকের সাথে যোগাযোগ করিয়ে দেওয়া (সাক্ষ্যপ্রমাণ সম্বন্ধে উইটনেস্ সার্ভিস কোন আলোচনা করতে অথবা আইন সংক্রান্ত উপদেশ দিতে পারবে না)
- মামলা শেষ হয়ে যাওয়ার পরে সে বিষয়ে কথা বলার সুযোগ এবং আরও তথ্য ও সাহায্য দেওয়া।

## Bengali

April 2002

এপ্রিল ২০০২

আপনার বিরুদ্ধে অপরাধ করা হয়েছে বলে অথবা অপরাধের সাক্ষী হিসাবে আপনাকে আদালতে যেতে হলে, তা সামলানোর জন্য, উইটনেস সার্ভিস বিনাপয়সায় ও গোপনে আপনাকে সাহায্য করতে পারে।



## **Victim Supportline**

# **0845 30 30 900**

ভিক্টিম সাপোর্টলাইন (সাহায্যের লাইন) আপনার সাথে আপনার স্থানীয় উইটনেস সাপোর্টের সাথে যোগাযোগ করিয়ে দিতে পারবে।

ভিক্টিম সাপোর্ট কতক প্রকাশিত

প্রেসিডেন্ট হার রয়াল হইনেস দা প্রিন্সেস রয়াল

Victim Support National Office (ভিক্টিম সাপোর্ট ন্যাশনাল অফিস),

Cranmer House, 39 Brixton Road, London, SW9 6DZ

টেলিফোন: 020 7735 9166

ফ্যাক্স: 020 7582 5712

Web: [www.victimsupport.org](http://www.victimsupport.org)

চারিটি রেজিস্ট্রেশন: 298028

কম্পানী নম্বর: 2158780

ইংল্যান্ড-এ রেজিস্ট্রার করা লিমিটেড বাই গ্যারান্টি

রেজিস্ট্রার্ড অফিস: ওপরে দেওয়া ঠিকানা

**Bengali**

April 2002

এপ্রিল ২০০২